COVID-19 পরীক্ষা এবং চিকিৎসা

আপনার কাছে যদি ভিসা না থাকে বা আপনি যদি আপনার ভিসার অবস্থা সম্পর্কে অনিশ্চিতও থাকেন, তবুও আপনাকে অবশ্যই জনস্বাস্থ্যের দিকনির্দেশগুলো অনুসরণ করতে হবে। যদি আপনি অসুস্থ বোধ করেন তবে চিকিৎসা সহায়তা নিন এবং COVID-19-এর জন্য পরীক্ষা করান।

স্টেট এবং টেরিটরি সরকার বিনামূল্যে COVID-19 পরীক্ষা এবং চিকিৎসা দিচ্ছে।

- অস্ট্রেলিয়ান ক্যাপিটাল টেরিটরি
- নিউ সাউথ ওয়েলস
- নর্দার্ন টেরিটরি
- কুইন্সল্যান্ড
- সাউথ অস্ট্রেলিয়া
- তাসমানিয়া
- ভিক্টোরিয়া
- ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া

ভিক্টোরিয়াতে ইমিগ্রেশন মেডিকেল পরীক্ষা

পুনরায় COVID-19 সংশ্লিষ্ট বিধিনিষেধের কারণে ভিক্টোরিয়ায় সকল অভিবাসী স্বাস্থ্য পরীক্ষা (Immigration Medical Examinations) সাময়িকভাবে বন্ধ হয়ে গেছে। এটি জনস্বাস্থ্য বিষয়ক আরও ঘোষণার সাথে সামঞ্জস্য রেখে পর্যালোচনা করা হবে।

আমার একটি ব্রিজিং ভিসা আছে

আমার ব্রিজিং ভিসা A, B বা C আছে

আপনি যদি বর্তমানে ব্রিজিং ভিসা A, B বা C-ধারী হন, তবে আপনার বিদ্যমান ভিসা আবেদন বা পর্যালোচনা প্রক্রিয়া চলাকালীন এর মাধ্যমে আপনি অস্ট্রেলিয়ায় থাকতে পারবেন। তবে, আপনার যদি অভিবাসন সংক্রান্ত কোনো সিদ্ধান্ত বা পর্যালোচনা মুলতুবি না থাকে *এবং* যদি আপনি অস্ট্রেলিয়া ত্যাগ করতে না পারেন, তবে আপনাকে বৈধভাবে থাকার জন্য একটি নতুন ভিসার জন্য আবেদন করতে হবে।

আপনি যদি ব্রিজিং ভিসা A বা C-ধারী হন এবং আপনি অস্ট্রেলিয়া ছেড়ে চলে যান, তবে আপনার ব্রিজিং ভিসা A বা C শেষ হয়ে যাবে। ভবিষ্যতে আপনি যদি অস্ট্রেলিয়ায় ফিরে আসতে চান তবে আপনাকে আরেকটি ভিসার জন্য আবেদন করতে হবে। ব্রিজিং ভিসা A-ধারীরা অস্ট্রেলিয়া ত্যাগ করার পূর্বে এর পরিবর্তে একটি ব্রিজিং ভিসা B-এর জন্য আবেদন করার কথা বিবেচনা করতে পারেন।

- ব্রিজিং ভিসা B-এর আবেদনপত্র প্রক্রিয়াকরণ অব্যাহত রয়েছে। তবে, ব্রিজিং ভিসা B-ধারীরা ভ্রমণ নিষেধাজ্ঞা প্রত্যাহার না হওয়া পর্যন্ত অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে পারবেন না, যদি না কোনো ছাড়ের অনুমতি থাকে। ভ্রমণ বিধিনিষেধ এবং ছাড়ের বিষয়ে আরও তথ্যের জন্য, অস্ট্রেলিয়ায় আসা দেখুন।

আমার ব্রিজিং ভিসা E আছে

একটি ব্রিজিং ভিসা E আপনাকে অস্ট্রেলিয়ায় থাকার অনুমতি দেবে যখন আপনি:

- দেশ ছাড়ার প্রস্তুতি নেন
- অভিবাসন সংক্রান্ত সিদ্ধান্তের জন্য অপেক্ষা করেন।

আপনি যদি অবৈধ হয়ে পড়েন এবং অন্যান্য ভিসার জন্য আবেদন করতে না পারেন, তবে ব্রিজিং ভিসা E-এর জন্য যত তাড়াতাড়ি সম্ভব আবেদন করলে তা আপনাকে অস্ট্রেলিয়ায় আইনি মর্যাদা প্রদান করবে, যাতে আপনি যত তাড়াতাড়ি সম্ভব দেশ ত্যাগ করার ব্যবস্থা গ্রহণ করতে পারেন।

আপনি যদি ব্রিজিং ভিসা E-ধারী হন কিন্তু এর মেয়াদ শেষ হওয়ার আগে অস্ট্রেলিয়া ছাড়তে না পারেন, তাহলে বৈধভাবে থাকার জন্য আপনাকে অন্য একটি ব্রিজিং ভিসা E-এর জন্য আবেদন করতে হবে।

- আপনি অনলাইনে ImmiAccount-এর মাধ্যমে আবেদন করতে পারেন
- যদি আপনার কোনো ইমিঅ্যাকাউন্টে (ImmiAccount) অ্যাক্সেস না থাকে তবে আপনি একটি পেপার ফর্ম ইমেইল বা পোস্ট করতে পারেন (ফর্ম 1008 - একটি ব্রিজিং ভিসা E জন্য আবেদন - সাবক্লাস 050)

যেসকল লোক অবৈধ নাগরিক নন এমন ব্যক্তি হিসেবে বা ব্রিজিং ভিসা D, E বা F ধারী হিসাবে অস্ট্রেলিয়া ত্যাগ করেন, তারা নির্দিষ্ট একটি সময়কালের জন্য অস্ট্রেলিয়ায় ফিরে আসা থেকে বঞ্চিত হতে পারেন এবং এর ফলে ভবিষ্যতের ভিসা আবেদনগুলো প্রভাবিত হতে পারে।

- পুনঃ-প্রবেশে নিষেধাজ্ঞার বিষয়ে আরও তথ্য এখানে উপলভ্য: পুনঃ-প্রবেশে নিষেধাজ্ঞা

ব্রিজিং ভিসায় কাজ করা

আপনার ব্রিজিং ভিসার শর্তের উপর নির্ভর করে অস্ট্রেলিয়ায় আপনাকে কাজ করার অনুমতি দেওয়া যেতে পারে। আপনি তা যেভাবে যাচাই করতে পারবেন:

- ভিভো (VEVO) সেবা ব্যবহার করে, বা
- ImmiAccount ব্যবহার করে আপনার ভিসা শর্তসমূহে প্রবেশ করে।

আপনার ব্রিজিং ভিসা অনুযায়ী যদি আপর কাজের অনুমতি না থাকে বা কাজ করার ক্ষেত্রে সীমাবদ্ধতা থাকে, তবে আপনি অন্য একটি ব্রিজিং ভিসার জন্য আবেদন করতে পারবেন যেটি আপনাকে কাজ করার অনুমতি দেবে। এটি কেবলমাত্র কিছু পরিস্থিতিতে উপলভ্য এবং আপনাকে সাধারণত দেখাতে হবে যে আপনি আর্থিক সমস্যায় রয়েছেন।

আপনি যদি কাজ করার অনুমতি পাওয়ার পূর্বশর্ত পূরণ না করেন এবং আপনি তখনও একটি ব্রিজিং ভিসার জন্য যোগ্য হন, তবে আমরা আপনাকে পূর্বের ব্রিজিং ভিসায় থাকা একই শর্তযুক্ত নতুন ব্রিজিং ভিসা প্রদান করব।

অচিরেই ব্রিজিং ভিসার মেয়াদ উত্তীর্ণ হলে

যদি আপনার ভিসার মেয়াদ উত্তীর্ণ হওয়ার সময় নিকটবর্তী থাকে, তবে আপনার যত তাড়াতাড়ি সম্ভব নিজের দেশে ফিরে যাওয়ার বিষয়টি বিবেচনা করা উচিত, বিশেষত যদি আপনার পারিবারিক সমর্থন না থাকে।

যেসকল অস্থায়ী ভিসাধারীরা পরবর্তী ছয় মাস ধরে নিজের ভরণপোষণ করতে অক্ষম, তাদের দেশে ফিরে যাওয়ার জন্য এবং যত তাড়াতাড়ি সম্ভব সে ব্যবস্থা করার জন্য জোরালোভাবে উৎসাহ দেওয়া হচ্ছে।

আপনি যদি অস্ট্রেলিয়া ছেড়ে চলে যেতে না পারেন তবে আপনার বৈধ ভিসা বজায় রাখতে হবে। ভ্রমণ নিষেধাজ্ঞাগুলো উঠলে আপনি অস্ট্রেলিয়া ছেড়ে চলে যাবেন বলে আশা করা হবে।

আরও তথ্যের জন্য দেখুন: আপনার ভিসার মেয়াদ শেষ হয়ে যাচ্ছে বা মেয়াদ শেষ হয়ে গেছে

আপনি যদি অস্ট্রেলিয়ার বাইরে থাকেন এবং আপনার ভিসার বৈধতা শেষ হওয়ার আগে দেশে প্রবেশ করতে অক্ষম হন, তবে অস্ট্রেলিয়া ভ্রমণ করতে চাইলে আপনাকে নতুন একটি ভিসার জন্য আবেদন করতে হবে ও তার অনুমোদন পেতে হবে।

কোনো ভিসার মেয়াদ বাড়ানো সম্ভব নয়। আপনি অস্ট্রেলিয়ার বাইরে থাকাকালীন ব্রিজিং ভিসা B (BVB) এর জন্য বৈধ আবেদন করা বা অস্ট্রেলিয়ার বাইরে থাকাকালীন কোনো BVB অনুমোদিত হওয়াও সম্ভব নয়।

সহায়তা পরিষেবা

আপনি যদি আপনার ভিসার অবস্থাটি সমাধান করতে না পারেন তবে ডিপার্টমেন্ট অব হোম অ্যাফেয়ার্সের স্ট্যাটাস রেজোলিউশন পরিষেবা (SRS) সহায়তা করতে পারে।

আরও তথ্য এখানে পাওয়া যাবে: স্ট্যাটাস রেজোলিউশন সার্ভিস (SRS)

SRS অফিসাররা আপনার ভিসার অপশনগুলি ব্যাখ্যা করতে পারবেন এবং আপনার এখনকার সিদ্ধান্তগুলো কীভাবে ভবিষ্যতের বিকল্পগুলোকে প্রভাবিত করতে পারে তা বলতে পারবেন। তারা আপনাকে অস্ট্রেলিয়া থেকে প্রস্থান করার পরিকল্পনায় সহায়তা করতে এবং যেখানে প্রয়োজন সেখানে অন্যান্য পরিষেবাতে আপনাকে রেফার করতে সহায়তা করতে পারে।

ব্যতিক্রমী পরিস্থিতিতে, বিভাগের স্ট্যাটাস রেজোলিউশন পরিষেবা অস্ট্রেলিয়া থেকে প্রস্থান করতে ইচ্ছুক যোগ্য ব্যক্তিকে সহায়তা করতে পারে। বিভাগটি মাইগ্রেশন সম্পর্কিত আন্তর্জাতিক সংস্থা (IOM) এবং সারকো (হোমওয়ার্ড)-এর সাথে তার রিটার্ন সহায়তা প্রোগ্রামটিকে সহজ করার জন্য পরিষেবায় প্রদানকারী হিসাবে চুক্তি করে।

প্রত্যাবর্তন সহায়তা যোগ্য প্রাপকদেরকে একটি বা সমন্বিতভাবে একাধিক সহায়তা প্রদান করতে পারে, যার মধ্যে থাকতে পারে:

- স্বাধীন রিটার্ন কাউন্সেলিং
- বিমানের টিকিট
- ভ্রমণ নথি পেতে সহায়তা
- প্রত্যাবর্তনের দেশে অভ্যর্থনা সহায়তা
- চূড়ান্ত গন্তব্যে যাত্রার সহায়তা।

প্রত্যাবর্তনের সহায়তার যোগ্য হিসাবে বিবেচিত হওয়ার জন্য, আপনাকে অবশ্যই:

- নাগরিক হতে পারবেন না
- অস্ট্রেলিয়ায় পুনরায় প্রবেশের অনুমতি দেয় এমন ভিসা রাখতে পারবেন না
- স্বেচ্ছায় কোনো উৎস দেশ বা ফিরে যাওয়ার জন্য এমন একটি দেশ নির্বাচন করতে হবে, যেখানে আপনার প্রবেশ ও থাকার অধিকার রয়েছে
- দেখাতে হবে যে আপনি নিজের ফিরে যাওয়ার খরচ বহন করতে সক্ষম নন।

আরও তথ্য এখানে পাওয়া যাবে: ত্যাগের জন্য সহায়তা

স্ট্যাটাস রেজোলিউশন সাপোর্ট সার্ভিসেস (SRSS) কিছু অ-নাগরিকের অভিবাসনের অবস্থা নির্ধারণের সময় অস্থায়ীভাবে অস্ট্রেলিয়ান কমিউনিটির মধ্যে রয়েছে তাদেরকে সহায়তা প্রদান করে। যেসকল লোক তাদের অভিবাসন অবস্থা সমাধানের ব্যাপারে ডিপার্টমেন্ট অব হোম অ্যাফেয়ার্সের সাথে যুক্ত থাকাকালে নিজের খরচ বহন করতে পারেন না, তাদেরকে SRSS প্রোগ্রাম স্বল্প-মেয়াদী, উপযুক্ত সহায়তা প্রদান করে। এটি কোনো চলমান নিরাপত্তা অধিকার নয়।

কাজের অধিকারসহ ব্রিজিং ভিসায় থাকা ব্যক্তিরা এবং যাদের কাজের ক্ষমতা রয়েছে তাদের অভিবাসনের অবস্থাটি সমাধান হওয়ার সময় তারা নিজেরাই নিজের খরচ বহন করবেন বলে আশা করা হচ্ছে।

COVID-19 সময়কালে, SRSS-এর অধীনে সহায়তার জন্য আবেদনগুলো আলাদাভাবে মূল্যায়ন করা হবে।

আরও তথ্য এখানে পাওয়া যাবে: স্ট্যাটাস রেজোলিউশন সাপোর্ট সার্ভিস